ব্যারাট (BARRATT) প্রসূতি সদন

রোগীর জন্য তথ্য

প্রসূতি পরিচর্যায় বিকল্পসমূহ জন্মস্থানসহ

NHS

Northampton
General Hospital
NHS Trust

ভূমিকা

আপনার প্রসূতি পরিচর্যার অংশ হিসাবে লভ্য বিকল্পগুলি বিবেচনা করতে শুরু করা কখনও অনেক আগে হয় না। আপনাকে কখনও নির্দিষ্ট পরিকল্পনা করতে হবে না, এবং আপনার গর্ভাবস্থায় আপনি যে কোনও পর্যায়ে আপনার মত পাল্টাতে পারেন। আমরা জানি যে মহিলারা লভ্য বিকল্পগুলির বিষয়ে তথ্য পান এবং নিজেদের পরিচর্যায় জড়িত থাকেন তাদের নিয়ন্ত্রণ করার সম্ভাবনা বেশি থাকে আর প্রসব সংক্রান্ত বেশি ইতিবাচক অভিজ্ঞতা হয়।

আমি কীভাবে প্রাকপ্রসব পরিচর্যা পাবো?

আপনি সরাসরি আপনার ডাক্তারখানায় ধাত্রীর সাথে যোগাযোগ করতে পারেন, আদর্শভাবে গর্ভাবস্থার 6 সপ্তাহে। সাধারণত এই সময়ে আপনার ঋতু দুই সপ্তাহ পরে হয়। ধাত্রীর মানে হল 'মহিলার সাথে' আর আপনার ধাত্রীর সাথে আপনার সম্পর্ক হওয়া উচিৎ ভাল যোগাযোগসহ আস্থার।

কে আমার পরিচর্যা করেন?

ধাত্রীর দায়িত্বে পরিচর্যা

এই গুরুত্বপূর্ণ সময়ে অধিকাংশ মহিলা শুরু থেকে শেষ পর্যন্ত একজন ধাত্রীর পরিচর্যায় থাকবেন কারণ স্বাভাবিক গর্ভাবস্থা, প্রসব এবং প্রসব উত্তর পর্বে ধাত্রীরা হলেন বিশারদ। আপনার গর্ভাবস্থাকালীন আপনি আপনার জেনারাল প্র্যাক্টিশনারের সাথে দেখা করতে পারেন, তবে আপনার কোনও ডাক্তারি সমস্যা না থাকলে তার প্রয়োজন নেই। আপনার বা আপনার শিশুর বিষয়ে কখনও উদ্বেগ হলে, আপনার ধাত্রী আপনাকে একজন ডাক্তারকে দেখানোর পরামর্শ দেবেন।

বিশেষজ্ঞের দায়িত্বে পরিচর্যা

কিছু মহিলার একজন অবস্টেট্রিশিয়ানের বিশেষজ্ঞ পরিচর্যা লাগতে পারে, যিনি হলেন গর্ভাবস্থা এবং প্রসবের ব্যাপারে একজন বিশেষজ্ঞ ডাক্তার। আপনার গর্ভাবস্থা স্বাভাবিক হলেও আপনি একজন অবস্টেট্রিশিয়ানকে দেখাতে চাইতে পারেন- আপনার ধাত্রী বা জিপি আপনার জন্য তার বন্দোবস্ত করতে পারেন। আপনি একজন অবস্টেট্রিশিয়ানের পরিচর্যায় থাকলেও, আপনার একজন মনোনীত ধাত্রী থাকবেন।

আমাকে কোথায় দেখা হবে?

অধিকাংশ মহিলাকে তাদের ধাত্রী জিপি ডাক্তারখানায় দেখবেন তবে আপনার গর্ভাবস্থার এক সময়ে আপনার ধাত্রী আপনাকে দেখতে আপনার বাসায় আসবেন।

আপনার গর্ভাবস্থা জটিল না হলে এবং আপনি বাসায় সময়ের আগে প্রসববেদনার মূল্যায়ন করতে চাইলে, একজন ধাত্রী সকাল 8:00টা - সন্ধ্যা19:00টার মধ্যে তা করতে পারবেন 07786 510270।

আমি কোথায় আমার শিশুর প্রসব করাতে পারি?

বাসায় প্রসব করানো

2011 সালে একটি জাতীয় অনুসন্ধান করে দেখা গেছে কম ঝুঁকি থাকা যে মহিলারা বাসায় প্রসব করানোর পরিকল্পনা করছেন তাদের ক্ষেত্রে লক্ষণীয়ভাবে কম মধ্যস্থতা করতে হয়, যে মহিলারা বিশেষজ্ঞ ইউনিটে প্রসব করান তাদের তুলনায়। এর অন্তর্ভুক্ত হল তাদের মধ্যস্থতা প্রয়োজনের সম্ভাবনা লক্ষণীয়ভাবে কমে যাওয়া যেমন সিজারিয়ান সেকশন, ফরসেপ্স, ভেন্টোইউজ (একটি সাকশান ক্যাপ) কৃত্রিম উপায়ে প্রসববেদনা সৃষ্টি করা এবং তাদের পেরিনিয়াম (যোনি এবং পায়ুর মধ্যবর্তী জায়গা) ছিঁড়ে বা কেটে যাওয়ার সম্ভাবনা কম। প্রথম সন্তানের মায়েদের জন্য অনুসন্ধান দেখিয়েছে তাদের হাসপাতালে যাওয়ার সম্ভাবনা বেশি এবং পছন্দ করা হাসপাতাল তাদের শিশুর ঝুঁকি সামান্য বাড়িয়ে দেয়।

যে মহিলাদের দ্বিতীয় বা পরবর্তী সন্তান হবে তাদের ডাক্তারি মধ্যস্থতার সম্ভাবনা লক্ষণীয়ভাবে কমে যায় বাসায় প্রসব করালে, প্রসবের নিরাপত্তায় কোনও পরিবর্তন ছাড়া। অনুসন্ধান দেখিয়েছে জটিলতার কম ঝুঁকি থাকা মহিলাদের জন্য ইংল্যান্ডে প্রসব করানো খুব নিরাপদ, যেখানেই প্রসব করানো হোক।

সুতরাং, বহু মহিলার জন্য বাসায় প্রসব করানো হল একটি নিরাপদ বিকল্প এবং আমাদের ধাত্রীদের একটি 'হোম বার্থ দল' আছে যারা এই পরিচর্যা প্রদান করেন।

বাসায় আপনি বেশি নিশ্চিন্ত বোধ করবেন, বেশি গোপনীয়তা পাবেন এবং অনায়াসে চলাফেরা করতে পারবেন, যার ফলে সচরাচর প্রসববেদনা ঠিকমত ওঠে। এছাড়াও জানানো হয়েছে মহিলাদের যন্ত্রণা কম হয়, যন্ত্রণা উপশম কম করতে হয় এবং তাদের প্রসব করানোর অভিজ্ঞতা সন্তোষজনক হওয়ার সম্ভাবনা বেশি। আপনার যন্ত্রণা কমাতে হলে, আপনি এই বিকল্পগুলি বিবেচনা করতে পারেন যেমন ট্র্যান্সকিউনিয়াস ইলেকট্রিকাল নার্ভ স্টিমুলেশন (TENS), মালিশ করানো, চিত্তবিনোদন এবং জল বা অন্য কোনও অ-ভেষজশাস্ত্রীয় যন্ত্রণা উপশমকারী কৌশল যা আপনি শিখেছেন অথবা আপনার ধাত্রীও আপনাকে এন্টোনক্স (গ্যাস এবং বায়ু) দিতে পারেন। আপনি বাসায় ওয়াটার বার্থ করাতে চাইলে, আপনাকে আপনার নিজস্ব পুল ভাড়া করতে বা কিনতে হবে, আর নিরাপদে কীভাবে ভর্তি এবং প্রসবের পরে জিনিসপত্র নিষ্পত্তি করতে হয়, তার নির্দেশ আপনাকে অবশ্যই পেতে হবে।

আপনার গর্ভাবস্থায় জটিলতা দেখা দিলে, হাসপাতালে প্রসব করানোর পরামর্শ দেওয়া হতে পারে। মনে রাখা দরকার, আপনি যে কোনও সময়ে আপনার মত পাল্টাতে পারেন, প্রসববেদনার সময়েও। আপনার প্রসব করানোর জায়গার বিষয়ে।

হাসপাতালে প্রসব করানো

বিশেষজ্ঞ ইউনিট (স্টারট্রিজ ওয়ার্ড (Sturtridge Ward))

কিছু মহিলা হাসপাতালে প্রসব করাতে বেশি স্বচ্ছন্দ্য বোধ করেন। যে মহিলাদের জটিলতা আছে, তাদের জন্য হাসপাতাল হল প্রসব করানোর সবথেকে নিরাপদ জায়গা। স্টারট্রিজ ওয়ার্ড হল আমাদের বিশেষজ্ঞের দায়িত্বে থাকা প্রসবের ওয়ার্ড, সেখানে যে মহিলারা অবস্টেট্রিশিয়ানের চিকিৎসা পেয়েছেন তাদের যত্ন নেওয়া হবে। তখনও ধাত্রীরা পরিচর্যা দেবেন তবে তাদের অবস্টেট্রিক দলও তদারক করতে পারে, যার মানে প্রসববেদনা বা প্রসব করানোর সময়ে আপনার কোনও বাড়তি সাহায্য লাগলে ডাক্তারদের পাওয়া যায়। প্রসববেদনার সময়ে আপনাকে খাড়া থাকতে এবং চলাফেরা করতে বলা হবে এবং যন্ত্রণা উপশম করার জন্য একটি প্রসব করানোর পুলও থাকবে। আপনার ধাত্রী লভ্য যন্ত্রণা উপশমের বিভিন্ন বিকল্পগুলি

আপনার সাথে আলোচনা করতে পারেন, যেমন একটি ইপিডুরাল যদি আপনার একটি লাগে। আপনার শিশু, সময়ের আগে জন্মালে বা জন্মের পরে বাড়তি যত্ন লাগলে, হাসপাতালে একটি বিশেষ পরিচর্যার শিশু ইউনিট আছে, এবং পিডিয়েট্রিসিয়ানরাও (শিশু চিকিৎসক) আছেন, যারা প্রয়োজনীয় বিশেষজ্ঞ পরিচর্যা দিতে পারবেন। আপনি নিজের কাছে দুইজন প্রসব করানোর সঙ্গী রাখতে পারেন, প্রসববেদনার সময়ে ভাল সহায়তা থাকার প্রচুর সুবিধা আছে। হাসপাতালে থাকার সময়ে আপনি টাকা দিয়ে একটি আলাদা ঘর পেতে চাইতে পারেন, যদি খালি থাকে। আপনি আপনার এলাকায় অন্য প্রসূতি ইউনিটগুলিও দেখতে চাইতে পারেন, কারণ আপনি পছন্দ করতে পারেন কোথায় আপনি আপনার শিশুর জন্ম দিতে চান। আপনি যেখানেই আপনার শিশুকে জন্ম দিতে চাইবেন, প্রসবের সময়ে আমরা আপনাকে ইতিবাচক অভিজ্ঞতা দিতে চাইবো, উচ্চ মানের পরিচর্যাসহ।

ধাত্রীর দায়িত্বে থাকা ইউনিট (ব্যারাট প্রসব কেন্দ্র)

আপনি আপনার গর্ভাবস্থার শুরু থেকে শেষ পর্যন্ত ধাত্রীর দায়িত্বে থাকলে এবং কোনও সমস্যার অনুমান না করা হলে, আপনাকে আমাদের 'হোম ফ্রম হোম' ধাত্রীর দায়িত্বে থাকা ইউনিট (MLU)-এ থাকার বিকল্প দেওয়া হবে, যা আমাদের প্রসূতি ইউনিটের মধ্যে আছে। প্রসব করানোর জন্য চারটি 'হোম ফ্রম হোম' সুইট আছে মহিলাদের জন্য, যার প্রতিটিতে একটি ডবল বেড, রান্নার জায়গা আছে এবং তিনটিতে বার্থিং পুল আছে। এর প্রধান উদ্দেশ্য হল একটি নিশ্চিন্ত পরিবেশ প্রদান করা এবং সক্রিয় প্রসববেদনা আর প্রসবের জন্য ন্যূনতম মধ্যস্থতাসহ আপনাকে সাহায্য করা। ধাত্রীদের একটি দল পরিচর্যা প্রদান করে তবে অতিরিক্ত সাহায্য লাগার মত পরিস্থিতি দেখা দিলে, আপনাকে আমাদের বিশেষজ্ঞের দায়িত্বে থাকা প্রসববেদনার ওয়ার্ডে পাঠিয়ে দেওয়া হবে।

সিজারিয়ান করার পরে জন্ম (BAC)

আপনার একটি সিজারিয়ান সেকশান করা হয়ে থাকলে, আপনাকে ভবিষ্যতে আবার সিজারিয়ান করাতেই হবে না এবং অধিকাংশ মহিলা যোনির মাধ্যমে প্রসব করাতে পারবেন।

আপনি এবং আপনার ডাক্তার যখন সিজারিয়ান সেকশান করবেন না যোনির মাধ্যমে প্রসব করাবেন, সেই বিষয়ে আলোচনা করবেন, তখন আপনার ডাক্তারকে নিম্নলিখিত বিবেচনা করতে হবে:

- আপনার পছন্দ এবং অগ্রগণ্যতা
- আর একটি সিজারিয়ান সেকশানের ঝুঁকি এবং সুবিধাগুলি
- সিজারিয়ান সেকশানের পরে যোনির মাধ্যমে প্রসবের ঝুঁকি এবং সুবিধাগুলি

'সিজারিয়ান করার পরে জন্ম (BAC) ডাক্তারখানায় আপনি একজন ধাত্রীর সাথে দেখা করার সুযোগ পাবেন আপনার পূর্ববর্তী প্রসব আলোচনা করার জন্য আর একসাথে পরবর্তী প্রসবের পরিকল্পনা করার জন্য।

আমি আমার পছন্দ অমুযায়ী সাহায্য না পেলে কী হবে?

পছন্দ প্রকৃত হবে যদি আপনাকে নিরপেক্ষ তথ্য দেওয়া হয়ে থাকে। ধাত্রী এবং অবস্টেট্রিক ডাক্তারদের আপনাকে পরামর্শ দেওয়ার দায়িত্ব আছে, প্রমাণ ভিত্তিক তথ্য ব্যবহার করে। আপনার অতিরিক্ত সাহায্য লাগলে বা আপনি যে পরিচর্যা পাচ্ছেন সেই বিষয়ে উদ্বেগ থাকলে আপনি একটি অ্যাপয়েন্টমেন্ট করতে পারেন 'মিট দ্য মেট্রন্স (Meet the Matrons)' ডাক্তারখানায় 545435 নম্বরে ফোন করে।

হাসপাতালের যোগাযোগ বিবরণ:
(খোলা থাকার সময়)

হেড অফ মিডওয়াইফেরি: (01604) 634700 এক্সটেনশন: 3572
মেট্রন হসপিটাল সার্ভিসেস: (01604) 545425
মেট্রন কমিউনিটি সার্ভিসেস: (01604) 544291
অ্যান্টেনেটাল ক্লিনিক মিডওয়াইফ: (01604) 544185
কমিউনিটি মিডওয়াইভস্ অফিস: (01604) 545430
হোম বার্থ টিম: 07786 510270
সিজারিয়ান সেকশান উত্তর জন্মের ডাক্তারখানা: (01604) 545435
ট্রাইএজ মিডওয়াইফ (24 ঘন্টা): 07887 566489

উপযোগী ওয়েবসাইটসমূহ:

www.nctpregnancyandbabycare.com
www.aims.org.uk
www.choicesforbirth.org
www.nice.org.uk
www.nhs.uk
www.npeu.ox.ac.uk/birthplace/results
www.northamptongeneral.nhs.uk

সূত্র:

1. Royal College of Obstetrician and Gynaecologists/Royal College of Midwives (2007), Joint Statement No 2
2. NICE, Intrapartum Care, (2007) DOH
3. Hollowell J, Puddicombe D, Rowe R, et al. (2011) The Birthplace national prospective cohort study: perinatal and maternal outcomes by planned place of birth Birthplace in England research programme.

উপযোগী ওয়েবসাইটসমূহ

www.nhs.uk

www.northamptongeneral.nhs.uk

অন্য তথ্য

নরথ্যাম্পটন জেনারাল হসপিটাল একটি ধোঁয়ামুক্ত নীতি পালন করে। যার মানে ট্রাস্ট এলাকায় ধূমপান নিষিদ্ধ, এর অন্তর্গত হল সকল ভবন, মাঠ আর কার পার্ক।

ধূমপান ত্যাগ করা এবং নিকোটিন পাল্টানো থেরাপির উপর প্রচারপত্র, তথ্য, পরামর্শ এবং সহায়তা স্থানীয় স্টপ স্মোকিং হেল্পলাইনে পাওয়া যায় 0845 6013116 নম্বরে, নিশুল্ক জাতীয় হেল্পলাইন 0300 123 1044 নম্বরে, ই-মেল: smokefree@nhft.nhs.uk এবং ফার্মাসিগুলিতে।

নরথ্যাম্পটন জেনারাল হসপিটালে কার পার্কিং খুবই সীমিত তাই আগে আসা জরুরি, যাতে পার্কিংয়ের জন্য যথেষ্ট সময় পাওয়া যায়। আপনার সুবিধা হবে যদি আপনাকে নামিয়ে দিয়ে পরে নিয়ে যাওয়া হয়।

এই তথ্য অন্য ভাষায় এবং আকারে পাওয়া যায় অনুরোধ করলে যেমন ব্রেইল, অডিও ক্যাসেট এবং CD। অনুগ্রহ করে এই নম্বরে যোগাযোগ করুন (01604) 544516 অথবা পেশেন্ট অ্যাডভাইস অ্যান্ড লিয়াজোঁ সার্ভিস (PALS)-কে ফোন করুন এই নম্বরে (01604) 545784, ই-মেল: pals@ngh.nhs.uk

Northampton General Hospital NHS Trust, Cliftonville, Northampton NN1 5BD.
www.northamptongeneral.nhs.uk
ডেস্কটপ পাবলিশিং করেছে প্রচার বিভাগ
এপ্রিল 2018-তে সাম্প্রতিক করা হয়েছে

NGV754